

জেলা নির্বাচন বিভাগ, নদীয়া

-ঃ জনসাধারণের প্রতি আবেদন ঃ-

এতদ্বারা জনসাধারণের উদ্দেশ্যে জানানো যাচ্ছে যে, ভারতের নির্বাচন কমিশন তথা মূখ্য নির্বাচন আধিকারিক, পশ্চিমবঙ্গের আদেশ অনুসারে ১লা জানুয়ারী ২০১৮ কে ভিত্তি তারিখ হিসাবে গণ্য করে আগামী ২২ শে আগস্ট, ২০১৭ থেকে ১৩ই সেপ্টেম্বর, ২০১৭ পর্যন্ত ভোটার তালিকার বিশেষ সংক্ষিপ্ত সংশোধনের কাজ চলবে।

এই উপলক্ষে আপনাদের আরও জানানো যাচ্ছে যে, এই সময়ের মধ্যে ১৮ বছর বয়স অতিক্রম করেছে বা ০১-০১-২০১৮ তে ১৮ বছর পরিপূর্ণ হবে এমন সকলেই ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তির জন্য ৬ নং ফর্মে আবেদন করতে পারবেন।

এ প্রসঙ্গে বলা হচ্ছে যে, নাম অন্তর্ভুক্তি, যারা ইতিমধ্যে ভোটার তালিকায় নাম তুলেছেন তাঁদের বিরুদ্ধে কোন অভিযোগ, সংশোধন, ও একই বিধানসভার এক অংশ থেকে অন্য অংশে স্থানান্তরের জন্য যথাক্রমে ফর্ম নং - ৬, ৭, ৮ এবং ৮ ক সংশ্লিষ্ট বুথ লেভেল অফিসার (B.L.O), সমষ্টি উন্নয়ন আধিকারিক (B.D.O), নির্বাচক নিবন্ধন আধিকারিক (E.R.O), সহযোগী নির্বাচক নিবন্ধন আধিকারিক (A.E.R.O), এর কাছ থেকে সংগ্রহ করতে পারবেন এবং নিজের বুথে জমা দিতে পারবেন।

উপরিউক্ত সময় অর্থাৎ ২২ শে আগস্ট, ২০১৭ থেকে ১৩ই সেপ্টেম্বর, ২০১৭ এর মধ্যে প্রত্যেক কাজের দিনে আপনার সংশ্লিষ্ট বুথে একজন ডেজিগনেটেজ অফিসার (D.O) সকাল ১১.০০ টা থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত ফর্ম দেওয়া, জমা নেওয়া ও যাবতীয় তথ্য দিয়ে সাহায্য করার জন্য উপস্থিত থাকবেন।

এগুলি ছাড়াও আগামী ২৭-০৮-২০১৭ (রবিবার) ও ১০-০৯-২০১৭ (রবিবার) তারিখকে বিশেষ প্রচারের দিন হিসাবে গণ্য করা হয়েছে। কেবলমাত্র এই দুটি ছুটির দিনে আপনার ভোটগ্রহণ কেন্দ্রে সংশ্লিষ্ট বুথ লেভেল অফিসার সকাল ১০.০০ টা থেকে বিকাল ৫.০০ টা পর্যন্ত উপস্থিত থাকবেন। এই দিনগুলিতে ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তি, বিয়োজন, সংশোধন এবং একই বিধানসভার এক অংশ থেকে অন্য অংশে নাম স্থানান্তরের যাবতীয় ফর্ম ও তথ্য আপনার নিজের এলাকার বুথ এ উপস্থিত সংশ্লিষ্ট অফিসারের কাছ থেকে সংগ্রহ করতে পারেন এবং জমা দিতে পারেন তার বিশেষ ব্যবস্থা করা হয়েছে।

উপরিউক্ত বিষয় সম্বন্ধে বিশদ জানতে ফোন করুন টোল ফ্রি নম্বরে ১৯৫০ প্রত্যেক কাজের দিন সকাল ১০.০০ টা থেকে বিকাল ৫.৩০ মিনিট পর্যন্ত অথবা সংশ্লিষ্ট বুথ লেভেল অফিসার (B.L.O), সমষ্টি উন্নয়ন আধিকারিক (B.D.O), নির্বাচক নিবন্ধন আধিকারিক (E.R.O), সহযোগী নির্বাচক নিবন্ধন আধিকারিক (A.E.R.O), মহকুমা শাসক (S.D.O), এবং জেলা শাসক ও জেলা নির্বাচন আধিকারিক (D.M & D.E.O) এর অফিসে যোগাযোগ করতে পারেন।

সুমিত গুপ্তা আই.এ.এস.
জেলা নির্বাচন আধিকারিক, নদীয়া

নদীয়া জেলা নির্বাচন আধিকারিক দ্বারা জনস্বার্থে প্রচারিত।